

# পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী এবং পরিবারের সদস্যবৃন্দ,

আমাদের গণিতের পরবর্তী অধ্যায় হচ্ছে সমীকরণ সমাধানের বিষয় নিয়ে। এটা হচ্ছে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ এবং প্রায়শ ব্যবহার্য গাণিতিক দক্ষতা, যার বহুবিধ প্রয়োগ হয় বিজ্ঞানে, সমাজবিজ্ঞানে এবং দৈনন্দিন জীবনে। সমীকরণ সমাধান আমাদের বুঝতে সাহায্য করে 500 মাইল গাড়ী চালানোর জন্য কত গ্যালন গ্যাস আপনার চাই। বিজ্ঞানীরা উপগ্রহ ক্ষেপণের সময়, অর্থনীতিবিদরা ভবিষ্যদ্বাণী করার সময়ে এবং নাগরিকরা ইনকাম ট্যাক্স (আয়কর) হিসাবের সময়, সবাই জটিল সমীকরণ সমাধান করেন।

আগের গ্রেডগুলিতে আমরা সমীকরণ সমাধানের কতিপয় উপায় শিখেছি। এই অধ্যায়ে আমরা এই পদ্ধতিগুলি পর্যালোচনা করব এবং এগুলি বিস্তৃত করব অসাম্য সমাধানের জন্য এবং দুটি চলরাশির দুটি সমীকরণ প্রক্রিয়ার সমাধান করার জন্যে। আমরা শিখব কি করে গ্রাফিং (লেখচিত্রীক) ক্যালকুলেটর ব্যবহার করা হয় সমীকরণ বা একজোড়া সমীকরণের মোটামুটি সমাধানের জন্য।

প্রাত্যহিক জীবনে অসাম্যজনিত পরিস্থিতি প্রায়ই দেখা যায়। যেমন, আপনি যদি দোকানে যান 5 ডলার নিয়ে এবং 1.95 ডলার দামের এক একটি মার্কার এবং 59 সেন্টের এক একটি ইংকপ্যাড কিনতে চান তাহলে অসমতা

$$1.95m + 0.59p \leq 5.00$$

বলে দেয় কোন মার্কার এবং প্যাডের যুগল আপনি কিনতে সমর্থ হবেন। এই উদাহরণে, একটি মার্কার এবং 5 টি প্যাড, অথবা 2 টি মার্কার এবং 2 টি প্যাড, অসমতার দিকে যাবে।

আমরা দুটি চলরাশি দিয়ে সমীকরণ পদ্ধতি সমাধান করাও শিখব। এই সব সমস্যায়, আমরা মূল্যের যুগল বার করব যেটি উভয় সমীকরণের ক্ষেত্রেই খাটবে। যেমন :

বাস্কেটবলের একটি খেলায়, করিন সর্বমোট 23 পয়েন্টের জন্য 10 বার স্কোর করেছে। কোনো কোনো শটগুলি ছিল 2 পয়েন্টের শট, কতগুলি ছিল 3 পয়েন্টের শট। প্রত্যেক ধরণের কটা করে শট করিন স্কোর করেছে?

এই প্রশ্নটির উত্তর দেবার জন্য, আমরা নীচের সমীকরণটির পদ্ধতি বানাচ্ছি যেখানে  $x$  2 পয়েন্ট বাস্কেট স্কোরের সংখ্যা বোঝাচ্ছে এবং  $y$  3 পয়েন্টারের সংখ্যা বোঝাচ্ছে :

$$x + y = 10 \quad \text{অথবা} \quad 2x + 3y = 23$$

**শব্দাবলী** শেখার পথে, আমরা শিখলাম নতুন কতগুলি শব্দপদ

এলিমিনেশন  
অসমতা

পরিবর্ত (সাবস্টিটিউশন)  
সমীকরণ পদ্ধতি (সিসটেম অফ ইকোয়েশন)

**আপনারা বাড়িতে কি করতে পারেন?**

আপনার ছাত্র/ছাত্রীকে বলুন সে সমাধান করছে এমন কতগুলি সমীকরণ আপনাকে দেখাক, এবং যে পদ্ধতিতে করছে সেটাও। আপনার ছাত্র/ছাত্রীকে উৎসাহিত করুন স্কুলের বাইরে এইসব দক্ষতাকে কাজে লাগানোর উপায় চিন্তা করতে।

